মেহেরপুরে বর্শিবাড়িয়া ফুটবল একাদশ ২ গোলে জয়ী

মেহেরপুর সদর উপজেলা রাজনগর গ্রামে সুখরঞ্জন ও বকুল রানী সরকার স্মৃতি ফুটবল টুর্নামেন্টে বর্শিবাড়িয়া ফুটবল একাদশ ২ গোলে জয়ী হয়েছে। মঙ্গলবার বিকালে রাজনগর স্কুল মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

৭০ মিনিটের খেলায় টান টান উত্তেজনায় বর্শিবাড়িয়া ফুটবল একাদশ ১-১ গোল করে ভগিরাতপুর ফুটবল একাদশ দল খেলায় ড্র করে। পরবর্তীতে খেলা শেষে ট্রাইব্রেকারে খেলা বর্শিবাড়িয়া ফুটবল একাদশ ৫-৩ গোলে ভড়িরাতপুর ফুটবল একাদশ কে পরাজিত করে।

খেলা শেষে ম্যান অব দা ম্যাচ ও সেরা গোলদাতা সহ তিন জনকে প্রাইজবন্ড দিয়ে পুরস্কৃত করা হয়। খেলাটি পরিচালনা করেন জহির উদ্দিন, ইমাদুল ইসলাম, হাসিবুল ইসলাম।

খেলাটির সার্বিক সহযোগীতায় ছিলেন সুধাংশু মোহন সরকার ও শ্রমতি ভারতী রানী সরকার। এসময় খেলা পরিচালনা কমিটির সাধারন সম্পাদক রবিউল ইসলাম, সাবেক ইউপি সদস্য আলিহিম, সাবদার আলী সহ খেলা দেখতে আসা হাজার হাজার দর্শক খেলাটি উপভোগ করেন।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে মাদক মামলার আসামী নজু, রানা ও রাজুকে রিমান্ড শেষে আদালতে সোপর্দ

মেহেরপুরে মাদক মামলার আসামী ৩ আসামীকে ১দিনের রিমান্ড শেষে আদালতে সোপর্দ করেছে মেহেরপুর ডিবি পুলিশ। বৃহস্পতিবার জেলা গোয়েন্দা কার্যালয়ে এই রিমান্ড কার্যকর করা হয়। আসমীরা হলেন, নজরুল ইসলাম নজু(৫২) তার ছেলে মোঃ সোহেল রানা (৩১) ও জামাই

মোঃ নয়ন আহমেদ রাজু (৩৫)।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম বিষয়টি নিশ্চিত করেন।

নিজস্ব প্রতিনিধি

চাচিকে নিয়ে ভাতিজা উধাও

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামে প্রেমের টানে চাচিকে নিয়ে উধাও হয়েছে ভাতিজা ওয়ায়েস কুরুনী।

গত মঙ্গলবার তারা উধাও হয়েছে । এনিয়ে এলাকায় চাঞ্চল্যকর পরিস্থিতি সৃষ্টি হযেছে। ওয়ায়েস কুরুনী উপজেলার চেংগাড়া মাদ্রসার শিক্ষার্থী। চাচি কাতার প্রবাসী রেজাউলের স্ত্রী।

জানা গেছে, প্রবাসীর স্ত্রীর সাথে মাদ্রাসা শিক্ষার্থী ওয়াঢেস কুরুনীর দির্ঘদিন ধরে মন দেওয়া নেওয়া চলে। মাস খানেক আগে রেজাউল বাড়ি ফিরে এসে বিষযটি বূঝতে পেরে তার স্ত্রীকে শাষনের মধ্যে রাখার চেষ্টা করে। শাষন বারণ মানতে না পেরে প্রেমিক ভাতিজার সাথে ঘর ছেড়েছে।
-গাংনী প্রতিনিধি

গাংনীতে একটি মাদ্রাসার কাছে থেকে ৪টি বোম উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার মানিকদিয়া মাদ্রাসার কাছ থেকে ৪ টি বোমা উদ্ধার করেছে পুলিশ। পরিত্যক্ত অবস্থায় আজ বৃহস্পতিবার ভোরে বোমাগুলো উদ্ধার করে পানি বালুভর্তি বালতিতে রেখে প্রাথমিক নিষ্ক্রিয় করে পুলিশ। আতঙ্ক ছড়ানোর জন্য দুর্বৃত্তরা

বোমা গুলো ফেলে রেখে যেতে পারে বলে প্রাথমিকভাবে পুলিশের ধারণা।
পুলিশ সূত্রে জানা গেছে, মানিকদিয়া এগারপাড়া দাখিল মাদ্রাসার পাশে বোমা পড়ে থাকার খবর পায় পুলিশ।
হেমায়েতপুর পুলিশ ক্যাম্পের এএস আই শাকিল খান সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থল থেকে লাল স্কচ টেপ দিয়ে মোড়ানো চারটি বোমা উদ্ধার করতে সক্ষম হন।
আতঙ্ক সৃষ্টি করার জন্য বোমাগুলো দুর্বৃত্তরা রাখতে পারে। এই ঘটনায় জড়িতদের খুঁজে বের করার চেষ্টা চলছে বলে জানান এসআই শাকিল খান।
-গাংনী প্রতিনিধি

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় একজন নিহত সহ আহত ২

মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় মোটরসাইকেল ও ট্রাক্টরের মুখোমুখি সংঘর্ষে মোস্তাক হোসেন (২৩) নামের এক যুবক নিহত হয়েছে।

নিহত মোস্তাক সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের ছমিরুল ইসলাম এর ছেলে। পেশায় রাজমিস্ত্রি ছিল মোস্তাক । গতকাল রাত সাড়ে আটটার দিকে এ দুর্ঘটনা ঘটে।

এ সময় আরো দুজন আহত হয়। আহতরা হলেন, সদর উপজেলার আমদহ গ্রামের আজাদ আলী (৪৫) ও জাহিদ হোসেন (৪০)। এদের মধ্যে আজাদ আলীর অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছে চিকিৎসকরা।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, রাত সাড়ে আটটার দিকে মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় মুজিবনগর সড়কে দুটি মোটরসাইকেল ও ট্রাক্টর এর সাথে মুখোমুখি সংঘর্ষ হলে ঘটনাস্থলে দুই মোটরসাইকেলের ৩ আরোহী গুরুতর আহত হয়।

এসময় স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। আহতদের মধ্যে মোস্তাক এর অবস্থা সংকটপূর্ণ হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করে ইমার্জেন্সি মেডিকেল অফিসার। রাজশাহী যাওয়ার পথে মোস্তাক এর মৃত্যু হয়।

বাকি আহত ২জন মেহেরপুর ও কুষ্টিয়া হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। ওসি আরো জানান, ঘটনার পর থেকে ঘাতক ট্রাক চালক পলাতক রয়েছে। নিহতের পরিবার থেকে থানায় অভিযোগ দিলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

নিজস্ব প্রতিনিধি

সাদেক হোসেন খোকা’র মৃত্যুতে মেহেরপুর জেলা বিএনপির শোক দিবস পালন

স্বদেশ স্বাধীনতার বীরযোদ্ধা বিএনপির ভাইস চেয়ারম্যান সাদেক হোসেন খোকা’র মৃত্যুতে কেন্দ্র কর্মসূচীর আলোকে মেহেরপুর জেলা বিএনপির জেলা কার্যালয়ে কালো পতাকা উত্তোলন করে।

এছাড়াও গতকাল ৬ই নভেম্বর দলীয় কার্যালয়ে শোক দিবসের আলোচনা সভায় জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন সাদেক হোসেন খোকা ছিলেন “গৌরবময় সংগ্রামী ইতিহাসে পান্ডলিপি”।

সভায় উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াছ হোসেন, এম এ কে খায়রুল বাশার, শেখ সাঈদ আহমেদ, জেলা বিএনপির উপদেষ্টা ইদ্রিস আলী দেওয়ান, তোজাম্মেল আযম, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আব্দুর রহিম, সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবু ওবাইদুল্লাহ সেন্টু, সহ-সভাপতি ফজলু খান, হাবিব ইকবাল, মনিরুজ্জামান মনি, পৌর বিএনপির যুগ্ম সম্পাদক আবু ইউসুফ

মিলন, তারিফ খান, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক তোফায়েল আহমেদ, সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, মৎস্যজীবি দলের সভাপতি শ্রী গুরুদাস হালদার, জেলা জাসাস এর আহবায়ক মাহফুজুর রহমান অশেষ, সাধারণ সম্পাদক বাকাবিল্লাহ, জেলা ছাত্রদলের সহ-সভাপতি আকিব জাভেদ সেনজিন সহ জেলা বিএনপির নেতৃবৃন্দ।

আলোচনা সভা পরিচালনা করেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

নিজস্ব প্রতিনিধি

বাওট বাঁধাগ্রস্থ শিশু বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ ব্যাগও শিক্ষা উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার বাওট বাঁধাগ্রস্থ শিশু বিদ্যালয়ে সুবর্ণ শিক্ষার্থীদের মাঝে ব্যাগ ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।

গতকার বুধবার দুপুরের বাঁধাগ্রস্থ বিদ্যালয় কর্তৃক আযোজিত অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়। সেভ দ্যা চিলড্রেনের সহযোগিতায় এ উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

তিনি বক্তব্য বলেন,আমি এই স্কুলের শিক্ষকদের প্রতি আন্তরিক শ্রদ্ধাওঅভিনন্দন জানাই যারা বিনা বেতনে অত্যন্ত আন্তরিকতা এবং ভালোবাসা দিয়ে স্কুলের শিশুদের সেবা দিয়ে যাচ্ছেন এবং সুশিক্ষায় শিক্ষিত করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

আজ তাদের বিভিন্ন বিষয়ে অবগত হলাম। পরবর্তীতে সকলের সম্মিলিত চেষ্টায় তাঁদের পাশে দাঁড়াবো। স্কুলের প্রতিটি শিশুকে প্রতিবন্ধী ভাতা শিক্ষা উপবৃত্তির আওতায় আনা।

স্কুলটি এমপিভূক্ত করণের আবেদন শিশুদের মাঝে শিক্ষা ও সেবা উপকরণ বিতরণ শিক্ষকদের সম্মানী প্রদানের ব্যবস্থা স্কুল বাসের ব্যবস্থা করা স্কুলের সম্মানিত শিক্ষক এবং অভিভাবকবৃন্দের আলোচনার মাধ্যমে উপরিউক্ত বিষয়গুলি উপস্থাপিত হয়।

পরবর্তীতে সর্বোচ্চ আন্তরিকতা এবং দ্রæততার সাথে বিষয়গুলি সকলের সহযোগিতার মধ্য দিয়ে শতভাগ বাস্তবায়নের প্রয়াস অব্যাহত থাকবে।

গাংনী প্রতিনিধি

গাংনীর কল্যানপুরে স্ত্রীকে নির্যাতন, অপরাধ ঢাকতে থানায় অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার তেতুঁলবাড়িয়া ইউনিয়নের কল্যাণপুর দক্ষিণ পাড়ার মৃত আয়তাল হকের ছেলে ইমারুল সাথে ৭/৮ বছর আগে বিয়ে হয় বামন্দীর মৃত আব্দুল জলিলের মেয়ে মালেকার (৩৫) সাথে।

বিয়ের পর থেকেই ইমরুল তার স্ত্রী মালেকাকে মাঝে মধ্যে মারধোর সহ শারীরিক ভাবে নির্যাতন করতো। স্বামী স্ত্রীর মধ্যে এমন ঘটনা ঘটে থাকে বলে বিষয়টি আমলে নেয়নি গৃহবধু মালেকার পরিবারের লোকজন। সেই সুযোগ কাজে লাগিয়ে ইমরুল গত অক্টোবর মাসের দ্বিতীয় সপ্তাহে আবরো তার স্ত্রী মালেকা (৩৫) কে শারীরিক ভাবে নির্যাতন করে। খবর পেয়ে মালেকার পরিবারের লোকজন সহ বামন্দীর ইউপি সদস্য কামাল হোসেনকে সাথে নিয়ে ইমরুলের বাড়িতে যায়।

এসময় কল্যাণপুর গ্রামের ইউপি সদস্য সহ কয়েক জনের উপস্থিতিতে ইমরুল তার স্ত্রীকে রাখবে না বলে তার স্ত্রীর ব্যবহারের প্রয়োজনীয় সামগ্রী বুঝিয়ে দেয়। মালেকাকে তার পরিবারের সদস্যরা বামন্দীতে নিয়ে আসে এরপর ১৮ অক্টোবর ২০১৯ গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার গ্রহন করে। যার রেজিঃ নং ৩৫৮/২।

সুচতুর ইমরুল স্ত্রীকে নির্যাতন ও বাড়ি থেকে বের করে দেওয়ার মত

অপরাধ মূলক কর্মকান্ড আড়াল করার জন্য তার বাড়ি থেকে মালামাল ও নগদ টাকা নিয়ে গেছে তার স্ত্রী, এমন অভিযোগ দাবি করে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেন।

বামন্দী প্রতিনিধি

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে জনসচেতনা মূলক লিফলেট বিতরণ

মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে জনসচেতনা মূলক নতুন সড়ক পরিবহন আইনের লিফলেট বিতরন করা হয়েছে।

গতকার বুধবার দুপুরে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের শিক্ষার্থীদের মাঝে জনসচেতনা মূলক এ লিফলেট বিলি করা হয়। অতিরিক্ত পুলিশ সুপার হেডকোয়ার্টার হাসিবুল আলম উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে প্রচারপত্র বিতরন করেন।

এ সময় টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ ফয়জুল বারী, ট্রাফিক পুলিশের টিআই ইসমাইল হোসেন, ট্রাফিক সার্জেন্ট নাজমুল হোসেন, টিএসআই মকবুল হোসেন, নুর আলম, এটিএসআই জালাল উদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন।

নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর রাজনগর ফুটবল

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]